

রেজিস্টার্ড নং ডি এ-১

“জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের  
জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক”

বাংলাদেশ



গেজেট



অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, ডিসেম্বর ১৫, ২০২২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অর্থ মন্ত্রণালয়  
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ  
(আয়কর)  
প্রজ্ঞাপন

তারিখ : ২৯ অগ্রহায়ণ, ১৪২৯ বঙ্গাব্দ/১৪ ডিসেম্বর, ২০২২ খ্রিষ্টাব্দ

এস. আর. ও. নং ৩৭১-আইন/আয়কর/২০২২।—সরকার, Income-tax Ordinance, 1984 (Ordinance No. XXXVI of 1984) এর section 44 এর sub-section (4) এর clause (b)-তে প্রদত্ত ক্ষমতাবলে, গফুর মরিয়ম সান্তার সাকেরা ফাউন্ডেশন (জিএমএসএস) এর ব্যাংক সুদ হইতে অর্জিত আয় ব্যতীত সকল প্রকার দান ও অনুদান হিসাবে প্রাপ্ত আয় এবং সমাজের অসহায়, অবহেলিত, সুবিধাবঞ্চিত ও দুর্দশাগ্রস্ত বৃদ্ধ এবং শিশুদের জন্য নিরাপদ আশ্রয়স্থল গড়িয়া তুলিবার সহায়ক হিসাবে পরিচালিত বিভিন্ন কার্যক্রম হইতে উদ্ধৃত আয়কে উক্ত Ordinance-এর অধীন আরোপণীয় আয়কর প্রদান হইতে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে ৫ (পাঁচ) বৎসরের জন্য অব্যাহতি প্রদান করিল, যথা :—

শর্তাবলি

- (ক) এই প্রজ্ঞাপনের মাধ্যমে অব্যাহতিপ্রাপ্ত সম্পূর্ণ আয় সমাজের অসহায়, অবহেলিত, সুবিধাবঞ্চিত ও দুর্দশাগ্রস্ত বৃদ্ধ এবং শিশুদের জন্য নিরাপদ আশ্রয়স্থল গড়িয়া তুলিতে উন্নয়নমূলক কার্যক্রমে ব্যয় করিতে হইবে; এবং
- (খ) গফুর মরিয়ম সান্তার সাকেরা ফাউন্ডেশন (জিএমএসএস)-কে উক্ত Ordinance -এর বিধানাবলি পরিপালন করিতে হইবে।
- ২। এই প্রজ্ঞাপন অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

আবু হেনা মোঃ রহমাতুল মুনিম  
সিনিয়র সচিব।

মোহাম্মদ ইসমাইল হোসেন, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।  
হাছিনা বেগম, উপপরিচালক, (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,  
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

(১৯০৯৭)

মূল্য : টাকা ৪.০০